দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার

দামুড়হুদা উপজেলার অন্যতম স্বেচ্ছাসেবী সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে এলাকার দরিদ্র,অসহায়, প্রতিবন্ধী,বিধবা ও নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার পৌঁছে দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টা থেকে সন্ধ্যা পর্যন্ত সংগঠনের পক্ষ থেকে ঈদপূর্বে ঈদ সামগ্রীর এ উপহার সামগ্রী সেমাই, সুজি,চিনি, সাবান,শ্যাম্পু, লবন, তেজপাতা, বাদাম,কিসমিস, আলু,পেয়াজ ও রসুন পৌঁছে দেওয়া হয়।

ঈদ সামগ্রী বিতরণে নেতৃত্ব দেন সংগঠনটির সভাপতি সাংবাদিক তানজীর ফয়সাল, উপদেষ্টা মন্ডলীর সদস্য,ইমরান হোসেন ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুর ইসলাম মিরাজ।ঈদ সামগ্রী বিতরণ কালে সভাপতি তানজীর ফয়সাল বলেন, ২০০৩ সালের জানুয়ারিতে সম্পুর্ন অরাজনৈতিক ও অলাভজনক সংগঠন হিসেবে গড়ে তোলা হয়েছিলেন।আর এর পর থেকেই শুরু হয় সংগঠনটির পথচলা।

সংগঠনটি প্রতি বছরের শীত মৌসুমে শীতবস্ত্র,মাক্স বিতরণ কার্যক্রম পালন করে থাকেন।পাশাপাশি ঈদ পূর্বে ঈদ সামগ্রী বিতরণ সহ বিভিন্ন কাজ করে সংগঠনটি কাজ করে চলছে।তারই ধারাবাহিকতায় প্রবিত্র ঈদুল-উল ফিতর-২০২৩ উদযাপন ও ঈদুল ফিতরের আনন্দধারা সকলকের মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যে ” ওরা বন্ধু সংঘ’র ঈদ সামগ্রী বিতরণের ছোট্ট প্রয়াস।

আগামীতেও সংগঠনটির এমন কার্যক্রম সর্বদা অব্যাহত থাকবে জানিয়ে তিনি আরও বলেন,প্রিয় সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পাশে থেকে যারা ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী বিতরণ কার্যক্রমকে সহজ ও স্বার্থক করেছেন তাদের প্রত্যেকের আন্তরিকভাবে ধন্যবাদ।” ওরা বন্ধু সংঘ ” আগামীতেও সমাজের কল্যাণে কাজ করে যাবে জানিয়ে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে আহব্বান জানান।

প্রসঙ্গত- দামুড়হুদা উপজেলার দশমী,হাউলী, দেউলী,চিৎলা সহ বিভিন্ন এলাকার প্রায় ৩৫টি পরিবারের মাঝে ঈদ পূর্বে” ঈদ উপহার ” সামগ্রী